



স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ ৩১৭৯

তারিখ: ০২ কার্তিক ১৪২৪  
২৭ অক্টোবর ২০১৭

প্রাপক,  
অধ্যক্ষ(সাময়িক বরখাস্তকৃত)  
হযরত আবুবকর সিদ্দীক(রাঃ)ইসলামিয়া ফাজিল মাদরাসা  
ধুলিহর, সদর, সাতক্ষীরা।

**বিষয়ঃ মহামান্য হাইকোর্টের দায়েরকৃত রিট পিটিশন নং ১২৫৪৪/১৬ এর আদেশ মোতাবেক ২৩/০৮/২০১৬ ইং তারিখের অধ্যক্ষের সাময়িক বরখাস্তের আবেদনটি নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।**

জনাব,  
আপনি ২৩/০৮/২০১৬ ইং তারিখের আপনার সাময়িক বরখাস্ত প্রত্যাহারের জন্য রেজিস্ট্রার ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা বরাবর আবেদন দাখিল করেছেন। আবেদনটি নিষ্পত্তির জন্য ২৯-০৩-২০১৭ ইং তারিখে উক্ত মাদরাসার সভাপতি, অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) ও আপনাকে বিশ্ববিদ্যালয়ে উপস্থিত হওয়ার জন্য পত্র প্রেরণ করা হলেও সভাপতির পক্ষে উক্ত মাদরাসার অধ্যক্ষ(ভারপ্রাপ্ত) দরখাস্তের মাধ্যমে শুনানীর তারিখ পরিবর্তনের জন্য আবেদন করেন। পরবর্তীতে ১৬-১০-২০১৭ ইং তারিখে শুনানীর জন্য দিন নির্ধারণ করা হয়। ধার্যকৃত তারিখে সভাপতি ও আপনি উপস্থিত হন। রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আবেদনটি নিষ্পত্তির জন্য সভাপতিকে বরখাস্তের কারণ সম্পর্কে প্রশ্ন করেন এবং আপনাকে আপনার দাখিলকৃত ২৩-০৮-২০১৬ ইং তারিখের আবেদনের দাবীর স্বপক্ষে আইনগত তথ্য উপস্থাপন করতে বলা হলে আপনি যুক্তিসঙ্গত কোন তথ্য উপস্থাপন ও উত্তর প্রদান করতে পারেননি। প্রকৃতপক্ষে, আপনার আবেদনে দাবীকৃত তথ্য বিধি সম্মত নয়। কারণ আপনি আবেদনে উল্লেখ করেছেন যে, “ফৌজদারী মামলার কারণে কোন বেসরকারী স্কুল, কলেজ ও মাদরাসার শিক্ষক-কর্মচারীদের সাময়িক বরখাস্ত করার কোন বিধান নাই এবং বাংলাদেশ সার্ভিস রুলস পার্ট ১, ২ বেসরকারী প্রতিষ্ঠানের জন্য প্রযোজ্য নয়”। অথচ ২০০৬ সালের অর্ডিন্যান্সের ৩.২(ঘ)এ উল্লেখ আছে যে, “শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীর ছুটি, শাস্তিমূলক ব্যবস্থা, বেতন-ভাতা, অবসর ভাতা ও গ্রাচুয়িটি সংক্রান্ত বিষয়ে বিশ্ববিদ্যালয় ও সরকারী চাকুরী বিধি অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করতে হবে”। বাংলাদেশ সার্ভিস রুলস বিধি ৭৩ এর নোট (২) তে উল্লেখ আছে যে, “ফৌজদারী অভিযোগ অথবা দেনার দায়ে জেলে আটক সরকারী কর্মচারী গ্রেফতার হওয়ার দিন হইতে সাময়িক বরখাস্ত বলিয়া বিবেচিত হইবেন এবং বিচার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত বিধি ৭১ এর বিধান মোতাবেক খোরপোষ ভাতা পাইবেন”।

সুতরাং আপনি ফৌজদারী অপরাধে গ্রেফতার হইয়া জামিনে আছেন। কিন্তু বর্তমানে আদালতে মামলাটি বিচারাধীন। এমতাবস্থায় বাংলাদেশ সার্ভিস রুলস এর ৭৩ বিধির নোট(২) এর মোতাবেক ফৌজদারী মামলার বিচার কার্যক্রম শেষ না হওয়া পর্যন্ত আপনার সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করার কোন সুযোগ নেই।

২৭/১০/২০১৭  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
iaudhaka@gmail.com

স্মারক নং- ইআবি/রেজি/প্রশা/ ৩১৭৯ (২০)

অনুলিপি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা।
২. উপজেলা নির্বাহী অফিসার, সাতক্ষীরা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সাতক্ষীরা।
৪. এ্যাড. জেসমিন সুলতানা সামসাদ, আইন উপদেষ্টা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. বাদীর আইনজীবী, এ্যাড. হুমায়ন কবির, রুম নং-৫০৫( এনেক্স এক্সট্রা) এবং ৩০২১(এনেক্স) সুপ্রীমকোর্ট বার এসোসিয়েশন, ঢাকা-১০০০
৬. সভাপতি, হযরত আবুবকর সিদ্দীক(রাঃ)ইসলামিয়া ফাজিল মাদরাসা, সাতক্ষীরা।
৭. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), হযরত আবুবকর সিদ্দীক(রাঃ)ইসলামিয়া ফাজিল মাদরাসা, সাতক্ষীরা।
৮. আইন শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৯. আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়(পত্রটি অনলাইনে প্রকাশের জন্য)।
১০. অফিস কপি।

৩১/১০/২০১৭

২৭/১০/১৭  
উপ-রেজিস্ট্রার  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়